

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 18-12-2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ—

- ১) রাজ্যে পঞ্চায়েত ও পুরসভাগুলির আর্থিক পরিস্থিতি সহ একাধিক বিষয়ে পর্যালোচনায় রাজ্য সরকার ষষ্ঠ অর্থ কমিশন গঠন করেছে।
- ২) পশ্চিমবঙ্গে বিনিয়োগে আগ্রহীদের সরকার পূর্ণ সহযোগিতা করবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। নিউটাউনে ইনফোসিসের দ্বিতীয় ক্যাম্পাসের উদ্বোধন করেছেন তিনি।
- ৩) বাংলাদেশের বর্তমান পরিস্থিতিতে অনুপ্রবেশ ঠেকাতে বাহিনী তৎপর রয়েছে বলে বিএসএফ-এর সাউথ বেঙ্গল ফ্রন্টিয়ারের আইজি এম পি এস পাওয়ার জানিয়েছেন।
- ৪) ভুয়ো পাসপোর্টকন্ডে ধৃত দীপঙ্কর দাসের ২৬ শে ডিসেম্বর পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে।
- ৫) চলতি সপ্তাহের শেষ দিকে বিভিন্ন জেলায় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।
- ৬) সন্তোষ ট্রফি ফুটবলে বাংলা ২-০ গোলে রাজস্থানকে হারিয়ে দিয়েছে।

রাজ্যে পঞ্চায়েত ও পুরসভাগুলির আর্থিক পরিস্থিতি সহ একাধিক বিষয়ে পর্যালোচনায় ষষ্ঠ অর্থ কমিশন গঠন করল রাজ্য সরকার। প্রাক্তন মুখসচিব হরি কৃষ্ণ দ্বিবেদীর নেতৃত্বে ৫ সদস্যের এই কমিশন আগামী বছরের ১ এপ্রিল থেকে কাজ শুরু

করবে। কমিশনের মেয়াদ পাঁচ বছর। যদিও কাজ শুরু করার ছয় মাসের মধ্যেই ষষ্ঠ অর্থ কমিশন তাদের প্রাথমিক সুপারিশ রাজ্যপালের কাছে জমা দেবে বলে অর্থ দফতর থেকে জারি করা বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

অর্থ কমিশন রাজ্যের পঞ্চায়েত এবং পুরসভাগুলির আর্থিক পরিস্থিতি পর্যালোচনা করবে। পাশাপাশি বিভিন্ন খাতে রাজ্য সরকারের আয়ের কত অংশ এই স্থানীয় সংস্থাগুলি পাবে তাও বিচার করবে কমিশন। শুধু রাজ্য সরকারের প্রদেয় অর্থ নয়, পঞ্চায়েত-পুরসভা কীভাবে নিজেদের আয় বৃদ্ধি করবে, তার রূপরেখাও তৈরির দায়িত্ব রাজ্য অর্থ কমিশনের ওপর ন্যস্ত।

রাজ্যে ২০০ একর জমিতে সরকার বাংলা সিলিকন ভ্যালি তৈরি করেছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। আজ নিউটাউনের হাতিশালায় ইনফোসিসের দ্বিতীয় ক্যাম্পাসের উদ্বোধন উপলক্ষে ভাষণে মুখ্যমন্ত্রী বলেন, প্রায় ২৭ হাজার কোটি টাকা এখানে লগ্নি হবে।

বাইট

বাংলাকে আইটি হাব বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন, এ রাজ্যে এখন কাজের সুযোগ প্রচুর। ২২ টি আইটি পার্ক তৈরি হয়েছে। রাজ্যে দক্ষ কর্মীর কোনো অভাব নেই বলেও তিনি উল্লেখ করেন। গত ১৩ বছরে একটিও কর্মদিবস নষ্ট হয়নি বলে জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, পশ্চিমবঙ্গে কেউ বিনিয়োগ করতে চাইলে সরকার পূর্ণ সহযোগিতা করবে। রাজ্য সরকার কর্মসংস্থানের জন্য নানা নীতি তৈরি করেছে বলেও জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

বাইট

ফেব্রুয়ারি মাসে বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনে শিল্পপতি ও বিভিন্ন সংস্থার প্রতিনিধিদের আহ্বান জানিয়েছেন তিনি।

উল্লেখ্য, হাতিশালায় ১৭ একর জমির ওপর ইনফোসিসের দ্বিতীয় ক্যাম্পাসটি গড়ে উঠেছে। এখানে কর্ম সংস্থান হবে অন্তত ৪ হাজার জনের।

রাজ্যের সাম্প্রতিক ট্যাব কেলেঙ্কারি থেকে শিক্ষা নিয়ে রাজ্য সরকার কন্যাশ্রী প্রকল্পের টাকা বন্টনের ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করছে। নারী ও শিশু সুরক্ষা দফতর কন্যাশ্রী পোর্টাল-এর মাধ্যমে আবেদন গ্রহণ, নিষ্পত্তি এবং অর্থ বিলির ক্ষেত্রে সর্বোচ্চ পর্যায়ে সতর্কতা বজায় রাখতে জেলা প্রশাসনগুলির উদ্দেশ্যে ৬ দফা নির্দেশিকা জারি করেছে। অবিলম্বে প্রত্যেকটি অ্যাকাউন্টের পাসওয়ার্ড বদল করতে বলা হয়েছে। পাশাপাশি সংশ্লিষ্ট সফটওয়্যারটি নিয়মিত আপডেট করতে হবে। নিরাপত্তা বিদ্বিত হতে পারে এমন কোন অবাঞ্ছিত সফটওয়্যার সিস্টেমে থাকলে তা অবিলম্বে মুছে ফেলতেও বলা হয়েছে। এই পদক্ষেপগুলি গ্রহণ করা হয়েছে কিনা তার রিপোর্টও নারী ও শিশু কল্যাণ দফতরকে নিয়মিত পাঠানোর জন্য জেলাগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে।

বাংলাদেশের বর্তমান পরিস্থিতিতে সীমান্তে কোন দুর্বৃত্ত বা অনুপ্রবেশের খবর নেই বলে সীমান্ত রক্ষী বাহিনী জানিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিএসএফ-এর সাউথ বেঙ্গল ফ্রন্টিয়ারের আইজি এম পি এস পাওয়ার জানিয়েছেন, কেউ অনুপ্রবেশের চেষ্টা করলে তাকে গ্রেফতার করে আইনি ব্যবস্থা নেওয়া হচ্ছে।

এক প্রশ্নের উত্তরে শ্রী পাওয়ার জানান, কাঁটাতারবিহীন এলাকাগুলিতে সীমানা দেওয়ার কাজ কেন্দ্রীয় সরকার শুরু করেছে।

বাইট

অন্যদিকে ভূয়ো পাসপোর্ট তৈরি হচ্ছে বলে যে অভিযোগ উঠেছে সে বিষয়ে আইজি বলেন, বর্তমানে পাসপোর্ট তৈরির জন্য যেসব পদ্ধতি চালু করা হয়েছে সে ক্ষেত্রে ভূয়ো পাসপোর্ট তৈরি করতে গেলে ধরা পড়বে। এক্ষেত্রে যারা ভূয়ো পাসপোর্ট তৈরি করছে তাদের গ্রেপ্তার করা হয়েছে।

বাংলাদেশ থেকে অবৈধভাবে প্রবেশ করা ব্যক্তিদের জন্য ভূয়ো পাসপোর্ট তৈরির চক্রের সঙ্গে জড়িত থাকার অভিযোগে ধৃত দীপঙ্কর দাসকে ব্যাঙ্কশাল আদালত ২৬ শে ডিসেম্বর পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠিয়েছে। গতরাতে কলকাতা পুলিশ বেহালার পর্ণশ্রী থেকে দীপঙ্করকে গ্রেফতার করে। এর আগে এই চক্রের আরও ৪ জনকে পাকড়াও করেছিল পুলিশ। তাদের জিজ্ঞাসাবাদ করেই দীপঙ্করের সন্ধান মেলে। এদের মধ্যে ডাক বিভাগের এক অস্থায়ী কর্মীও আছে। কতজনকে ভূয়ো পাসপোর্ট দেওয়া হয়েছে, তা নিয়ে পুলিশ তদন্ত শুরু করেছে।

ভূয়ো পাসপোর্ট কাণ্ডে রাজ্য সরকারের কড়া সমালোচনা করেছেন প্রাক্তন সাংসদ কংগ্রেসের বর্ষীয়ান নেতা অধীর রঞ্জন চৌধুরী। আজ সাংবাদিকদের কাছে তিনি বলেন, পশ্চিমবঙ্গ অপরাধের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। জাল পাসপোর্টকাণ্ডে এই গ্রেপ্তারিকে তিনি হিমশৈলের চূড়া মাত্র বলে উল্লেখ করেন।

বাইট অধীর

পাসপোর্ট জালিয়াতির ঘটনা বর্তমানে অনেক কমেছে বলে দাবি করেছেন তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ। পাসপোর্ট জালিয়াতির বিষয়টি কেন্দ্রীয় সরকারেরই দেখা উচিত বলে উল্লেখ করেছেন তিনি।

বাইট কুনাল

আদানি ইস্যু, মণিপুরের বর্তমান পরিস্থিতি, আর জি কর কাণ্ডে ন্যায়বিচার সহ একাধিক দাবিতে কংগ্রেসের রাজ্যভবন অভিযানকে কেন্দ্র করে আজ বিকেলে ধুমুমার পরিস্থিতির সৃষ্টি হয়। প্রদেশ কংগ্রেস ও প্রদেশ যুব কংগ্রেস দুদফায় এই কর্মসূচী পালন করে। এতে যোগ দেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জী, প্রদেশ যুব কংগ্রেস সভাপতি আজাহার মল্লিক সহ কংগ্রেসের বহু কর্মী সমর্থক। পুলিশ মিছিল আটকালে কংগ্রেস কর্মী সমর্থকদের সঙ্গে ধস্তাধস্তি শুরু হয়। প্রদেশ সভাপতি সহ কংগ্রেস নেতৃবৃন্দকে পুলিশ প্রিজন ভ্যানে তুলে সরিয়ে নিয়ে যায়। কেন্দ্রীয় বিজেপি সরকার আদানির দুর্নীতি আড়াল করার চেষ্টা করছে বলে শুভঙ্কর বাবু অভিযোগ করেন। পাশাপাশি রাজ্য সরকারের দুর্নীতির কারণে শিক্ষিত বেকাররা চাকরির সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন বলেও তিনি অভিযোগ করেন। তারা দুর্নীতি ইস্যুতে রাজ্যপালের হস্তক্ষেপও দাবি করেছেন।

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ ২০২৫ এর নতুন শিক্ষাবর্ষের ছুটির তালিকা প্রকাশ করেছে। এই তালিকা অনুসারে মোট ৬৫ দিন ছুটি থাকছে। মধ্যশিক্ষা পর্ষদ কর্তৃক প্রকাশিত ছুটির তালিকা নিয়ে অসন্তোষ ব্যক্ত করে শিক্ষক সংগঠন শিক্ষানুরাগী ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেন, পালনীয় দিনগুলি ছুটি হিসেবে না ধরে কার্যকরী দিন হিসেবে ঘোষণা করে মর্যাদার সাথে পালন করার দাবি জানানো হলেও কাজের কাজ কিছু হয়নি। বর্তমান অবস্থার পরিপ্রেক্ষিতে ছুটির দিন সংখ্যা আগের মতো ৮৫ তে ফিরিয়ে আনা হলে বিদ্যালয় গুলি আঞ্চলিক পরিস্থিতি অনুযায়ী গ্রীষ্মের সময় ছুটি দিতে পারতো।

দুই ছাত্রীর শ্লীলতাহানির অভিযোগকে কেন্দ্র করে আজ জলপাইগুড়ির ময়নাগুড়ির ভোটপাটি এলাকা পুলিশ জনতা খন্ডযুদ্ধে রণক্ষেত্রের রূপ নেয়। দু ঘণ্টার বেশি সময় ধরে অবরোধ করে রাখা হয় বাংলাদেশগামী সার্ক রোড। অভিযোগ, গতকাল সন্ধ্যায় দুই যুবক ছাত্রী দুটির শ্লীলতাহানি করে। দোষীদের গ্রেপ্তারির দাবিতে স্থানীয়রা সড়ক অবরোধ করলে পুলিশের সঙ্গে খন্ডযুদ্ধ বাধে। ভাঙচুর করা হয় দুটি গাড়ি। তুমুল পাথর বৃষ্টি চলে পুলিশকে লক্ষ্য করে। বেশ কয়েকজন পুলিশ কর্মী আহত হয়েছেন বলে খবর।

একটি গুজবকে কেন্দ্র করে আইনশৃঙ্খলার অবনতি হয়েছিল বলে পুলিশের দাবি। এলাকা এখনও থমথমে।

চলতি সপ্তাহের শেষে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। উত্তরবঙ্গের কয়েকটি জায়গাতেও হাল্কা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামী কয়েক দিনে রাজ্যের সর্বত্র তাপমাত্রা ২ থেকে ৪ ডিগ্রি বৃদ্ধি পাবে বলে জানিয়েছেন আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত।

(বাইট- সোমনাথ)

হাওড়া মেট্রো স্টেশনের বুকিং কাউন্টারে এক কর্মীর বিরুদ্ধে ভাষাগত বৈষম্যমূলক আচরণের যে অভিযোগ উঠেছে, মেট্রো কর্তৃপক্ষ তা অসত্য বলে জানিয়েছে। আজ এক প্রেস বিবৃতিতে মেট্রো কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে যে, আধিকারিক পর্যায়ে তদন্তের পর অভিযোগগুলি ভিত্তিহীন এবং অসত্য বলে প্রমাণিত হয়েছে। সিসিটিভি খতিয়ে দেখার পাশাপাশি আধিকারিকরা ডিউটিতে থাকা রেল রক্ষী বাহিনীর সদস্যদের সঙ্গেও কথা বলেছেন।

তেলেঙ্গানার ডেকান এরিনা স্টেডিয়ামে আজ জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির গ্রুপ পর্বের ম্যাচে বাংলা ২-০ গোলে রাজস্থানকে হারিয়ে দিয়েছে। গোল করেছেন রবিলাল মান্ডি ও নরহরি শ্রেষ্ঠা। বাংলা তিন ম্যাচে ৯ পয়েন্ট নিয়ে গ্রুপ এ,-র শীর্ষে উঠে এসেছে।